

বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল

বিজ্ঞপ্তি

তারিখ: ২৮/০২/২০২৩

বরিশাল সরকারি মহিলা কলেজের ২০২২-২০২৩ শিক্ষাবর্ষের একাদশ শ্রেণির শিক্ষার্থীদের উপবৃত্তি প্রাপ্তির লক্ষ্যে আগামী ০১/০৩/২০২৩ থেকে ০৭/০৩/২০২৩ খ্রিষ্টাব্দের মধ্যে কলেজ ওয়েবসাইট হতে উপবৃত্তির ফরম সংগ্রহ করে এবং যথাযথভাবে পূরণ করে প্রয়োজনীয় প্রমাণকসহ নিম্নলিখিত শিক্ষকদের কাছে জমা দেওয়ার জন্য বলা হলো।

বিভাগের নাম	শিক্ষকের নাম
বিজ্ঞান ও গার্হস্থ্য বিজ্ঞান বিভাগ	জনাব মারুফা আক্তার, প্রভাষক, অর্থনীতি মোবাঃ ০১৭১৮-৭৪৮৩৬৫
মানবিক ও ব্যবসায় শিক্ষা বিভাগ	জনাব মুহাম্মাদ আবুল বাশার, প্রভাষক, বাংলা মোবাঃ ০১৭৭৫-৫৭৫২১৬

প্রয়োজনীয় প্রমাণপত্র:

- ১। শিক্ষার্থীর ১৭ ডিজিটের জন্ম নিবন্ধন সনদের সত্যায়িত ফটোকপি।
- ২। পিতা ও মাতার জাতীয় পরিচয়পত্রের ফটোকপি (১০ অথবা ১৭ সংখ্যা)।
- ৩। এসএসসি পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি।
- ৪। এসএসসি পরীক্ষার নম্বরপত্রের ফটোকপি।
- ৫। ছাত্রীর পাসপোর্ট সাইজের ১ কপি ছবি।
- ৬। ছাত্রীর কলেজ আইডি কার্ডের ফটোকপি।
- ৭। বীর মুক্তিযোদ্ধার প্রজন্মদের ক্ষেত্রে সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- ৮। প্রয়োজ্যক্ষেত্রে শারীরিক প্রতিবন্ধিতা/ জন্মগতভাবে দীর্ঘস্থায়ী রোগে ভুগছেন/অন্যান্য ক্ষেত্রে প্রমাণপত্র সত্যায়িত ফটোকপি।
- ৯। ভিজিডি/ভিজিএফ/বয়স্ক ভাতা/বিধবাভাতা/স্বামী পরিত্যক্তা প্রাপ্তদের প্রমাণপত্রের সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।
- ১১। ফেব্রুয়ারি মাসের শতকরা উপস্থিতি মেন্টর শিক্ষকের নিকট থেকে ফরমে লিখে (মেন্টরের স্বাক্ষর ও সিলসহ) জমা দিতে হবে।



অধ্যক্ষ

২৮/২/২০২৩

বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল

ওফিসের মোঃ আসাদুজ্জামান (৩৩৯৭)

অধ্যক্ষ

বরিশাল সরকারি মহিলা কলেজ
বরিশাল



আহবায়ক

উপবৃত্তি প্রদান কমিটি- ২০২২-২০২৩
বরিশাল সরকারি মহিলা কলেজ, বরিশাল

ফরম পূরণের নিয়মাবলি

১। একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর একাধিক শিক্ষার্থী/অভিভাবকের বিপরীতে ব্যবহার করা যাবে না।

২। একই একাউন্ট নম্বর/মোবাইল নম্বর ৬ষ্ঠ থেকে ১২শ শ্রেণি পর্যন্ত কেবলমাত্র একজন শিক্ষার্থীর বিপরীতে ব্যবহার করা যাবে।

৩। শিক্ষার্থীর জন্মসনদ অবশ্যই ১৭ ডিজিটের হতে হবে।

৪। শিক্ষার্থীর উপবৃত্তি অর্থ প্রাপ্তির ক্ষেত্রে আবেদনে অভিভাবক হিসাবে নির্ধারিত ব্যক্তির (পিতা/মাতা/অন্য যে কোন বৈধ অভিভাবক) এনআইডি দিয়ে খোলা বৈধ/সচল অনলাইন ব্যাংক/মোবাইল ব্যাংকিং একাউন্ট নম্বর ব্যবহার করতে হবে।

৫। শিক্ষার্থীর অভিভাবক হবেন পিতা অথবা মাতা। কেবল পিতা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করা যাবে।

৬। পিতাকে অভিভাবক নির্বাচিত করলে পিতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট থাকতে হবে। অভিভাবক হিসাবে মাতাকে নির্বাচিত করলে মাতার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট থাকতে হবে।

৭। পিতা অথবা মাতার অনুপস্থিতিতে অন্য কোন ব্যক্তিকে (ভাই/বোন/দাদা/দাদী/নানা/নানী/ইত্যাদি) অভিভাবক হিসাবে নির্বাচন করলে তার জাতীয় পরিচয়পত্র (NID) ব্যবহার করে একাউন্ট থাকতে হবে।